

স্মারক নম্বর: ০৫.০১.১৫৪১.০৬২.২৫.০২৫.২২.১৩

তারিখ: ৩০ মাঘ ১৪২৯

১৩ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **“Conduct and Discipline Course (Grade: 09 or above) এবং
Fundamental Training Course (Grade: 10-12) এ প্রশিক্ষণার্থী
মনোনয়ন।**

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক প্রণীত প্রশিক্ষণ কর্মসূচী ২০২২-২০২৩ অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের জন্য “Conduct and Discipline Course (Grade: 09 or above) এবং Fundamental Training Course (Grade: 10-12) শীর্ষক প্রশিক্ষণ কোর্স দু’টি নিম্নে তালিকায় উল্লেখিত তারিখ ও মেয়াদে এ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

ক্র: নং	নাম ও তারিখ:	যোগ্য পদ
1.	Conduct and Discipline Course (12 March, 2023 - 16 March, 2023)	Grade: 09 or above
2.	Fundamental Training Course (19 March, 2023 - 13 April, 2023)	Grade: 10-12

২। কেন্দ্রের অনুযায়ী সদস্যবৃন্দের পাশাপাশি দক্ষ ও অভিজ্ঞ অতিথি বক্তাগণ প্রশিক্ষক হিসেবে উক্ত প্রশিক্ষণে দায়িত্ব পালন করবেন।

৩। মনোনয়ন দানের ক্ষেত্রে প্রশিক্ষণের কার্যকারিতা ও প্রায়োগিক দিক বিবেচনায় রেখে অপেক্ষাকৃত নবীন কর্মচারীর অগ্রাধিকার দেয়া যেতে পারে। মনোনয়ন পত্রে মনোনয়ন প্রদানকারী কর্মচারীর টেলিফোন, ফ্যাক্স নম্বর ও ই-মেইল আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

৪। মনোনীত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ শুরু হওয়ার দিন মনোনয়নের কপি, অবমুক্তির আদেশ এবং পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রঙিন ছবিসহ সকাল ০৯:০০ টায় অত্র কেন্দ্রে (আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম (আসকার দীঘির পশ্চিম পাড়, ১০, এস. এস. খালেদ রোড, চট্টগ্রাম-৪০০০) রিপোর্ট করতে হবে। কোর্স শুরুর নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন প্রশিক্ষণার্থীর যোগদান পত্র গ্রহণ করা হবে না।

৫। প্রশিক্ষণার্থীগণের আবাসন ব্যবস্থা হিসেবে কেন্দ্রের নিজস্ব আসবাব-সজ্জিত ডরমিটরী রয়েছে। এতে প্রশিক্ষণার্থীগণ বিনাভাড়া অবস্থান করতে পারবেন।

৬। প্রশিক্ষণার্থীগণকে এ কেন্দ্র থেকে সরকার কর্তৃক প্রবর্তিত হারে প্রশিক্ষণ ভাতা প্রদানের ব্যবস্থা রয়েছে।

৭। মহিলা প্রশিক্ষণার্থীদের জন্য পৃথক আবাসন সুবিধা রয়েছে। তবে শিশুসন্তান ও গৃহপরিচারিকাসহ ক্যাম্পাসে থাকার সুযোগ নেই।

৮। করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধী টিকা গ্রহণকারী কর্মচারীদের মনোনয়ন দানের জন্য মনোনয়ন প্রদানকারী প্রতিষ্ঠানকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে (টিকা গ্রহণের প্রমাণ পত্র প্রশিক্ষণার্থীকে রেজিস্ট্রেশনের সময় উপস্থাপন করতে হবে)।

৯। এমতাবস্থায়, বিষয়োক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্ত মহোদয়ের নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহ হতে ০২(জন)জন কর্মচারীর (পুরুষ/মহিলা) মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।


১০। আগ্রহী দপ্তরসমূহকে তাঁদের প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত কর্মচারীদের প্রশিক্ষণার্থী হিসেবে নামের মনোনয়ন তালিকা বা প্রশিক্ষণার্থী কর্তৃক নিজের দপ্তর হতে মনোনয়ন প্রাপ্তির চিঠি নিম্ন প্রদত্ত ই-মেইল যোগে আরপিএটিসি, চট্টগ্রামে কোর্স শুরুর দু’দিন পূর্বেই ই-মেইলে মনোনয়ন পাঠাতে হবে। অন্যথায় কোর্সে অংশগ্রহণ করা যাবে না।

ই-মেইল- ddrpatcctg@gmail.com

যোগাযোগ: ০১৭৫১-৯০৬০৮৫ (প্রশিক্ষণ সহকারী)।

১১। মনোনয়ন প্রাপ্ত প্রশিক্ষণার্থীগণকে নিম্নোক্ত ওয়েব লিংকে প্রবেশপূর্বক অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করবেন।

Link: http://erp.bpatc.org.bd/bpatc_registration/rpatc_add_new.php অনলাইন রেজিস্ট্রেশন বিষয়ক
যেকোন প্রয়োজনে জনাব মো: সাইফুল ইসলাম, ক্যাটালগার (মোবাইল নং- 01682-813792) এর সাথে যোগাযোগ করা যাবে।



১৩-২-২০২৩

মনোয়ারা বেগম

উপপরিচালক

ফোন: ০২৩৩৩৩৫৯৬৯১

ইমেইল: ddrpatcctg@gmail.com

প্রশিক্ষার্থী মনোনয়নের জন্য পত্র প্রাপক